

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd



স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০০৮.১৯.৪০

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী মোল্লা ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১০৪৬), ৩৭/২ ফাইনাজ টাওয়ার (৪র্থ তলা), পুরানা পল্টন, ঢাকা এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু আপনি বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি এ বর্ণিত শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ জাহাজীর আলম শুকু, পিতা- মৃত রৌশন আলী বেপারী, গ্রাম- মকিমাবাদ, পোঃ+উপজেলা-হাজীগঞ্জ, জেলা-চাঁদপুর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

অভিযোগকারী বিভিন্ন সময়ে সর্বমোট ২,৬১,০০০/- (দুই লক্ষ একষট্টি হাজার) টাকা এজেন্সিকে প্রদান করেছেন। ২০১৯ সালে রিপ্লেস এর মাধ্যমে অভিযোগকারীকে হজে নেয়ার অঙ্গীকার করেছিলেন। কিন্তু রিপ্লেস করতে পারেননি অথচ টাকা ফেরত চাওয়া হলে এজেন্সি তালবাহানা করেছে এবং এজেন্সিকে ফোন করা হলে ফোন রিসিভ করেন না। এ ধরনের পরিস্থিতিতে ভারতে উন্নত চিকিৎসার জন্য যাওয়া জরুরী উল্লেখ করে অনতিবিলম্বে তাঁর জমাকৃত ২,৬১,০০০/- (দুই লক্ষ একষট্টি হাজার) টাকা এবং পাসপোর্ট ফেরত পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এ মন্ত্রণালয়ে অভিযোগ দাখিল করেছেন। এবং

০৪। যেহেতু বর্ণিত অভিযোগের বিষয়ে এ মন্ত্রণালয় কর্তৃক গত ০৩.০১.২০২১ খ্রি. তারিখে ১৬.০০.০০০০.০১৭.৩৩.০০৮.১৯-৬১৩ নং স্মারক মূলে আপনার এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব ০৭ (সাত) দিনের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নোটিশ প্রেরণ করা হয় এবং উক্ত নোটিশের জবাব প্রদান করেননি; এবং

০৫। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ গঠিত তদন্ত কমিটি-২ তদন্ত করেছে এবং তদন্ত কমিটি শাস্তির সুপারিশ করেছে; এবং

০৬। যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ অনুযায়ী শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৭। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত মোল্লা ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১০৪৬) এর বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে লিখিতভাবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-৩-২০২১

এস. এম. মনিরুজ্জামান
সহকারী সচিব

জনাব মোঃ তাজুল ইসলাম মোল্লা, স্বত্বাধিকারী, মোল্লা

ফোন: +৮৮-০২-৯৫৮৫২০০

ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১০৪৬), ৩৭/২ ফাইনাজ
টাওয়ার (৪র্থ তলা), পুরানা পল্টন, ঢাকা

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১১১৬
ইমেইল: hajj_sec2@mora.gov.bd

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০০৮.১৯.৪০/১(৯)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
- ৩) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
- ৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) অফিস কপি।



২৯-৩-২০২১

এস. এম. মনিরুজ্জামান
সহকারী সচিব